গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাজেট -১ শাখা

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪৫.০২০.০০৫.২০২১-৯৫১ তারিখ: ০৮-১২-২০২২খ্রিঃ

বিষয়: "নূর মজিদ আয়ুর্বেদিক কলেজ" এর সরকারি সহায়তার আবেদনের বিষয়ে পরিদর্শন সংক্রান্ত।

সূত্র: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের স্মারক নং- ৫৯.০০.০০০০.১৪৫.০২০.১১৭.২০২২-২৩১ তারিখ : ৩১/০৩/২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের সদয় নির্দেশনা মোতাবেক নিম্নস্বাক্ষরকারী কর্তৃক "নূর মজিদ আয়ুর্বেদিক কলেজ" ঢাকা এর সরকারি সহায়তার আবেদনের বিষয়ে ১৫/১১/২০২২খ্রি. তারিখে সরেজমিনে যাচাই এর জন্য "নূর মজিদ আয়ুর্বেদিক কলেজ' ঢাকায় পরিদর্শন কার্যাদি সম্পাদন করা হয়। সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত :- ( ৭৯ পাতা)

০৮.১২.২০২২
(তানজিনা ইসলাম)
যুগ্মসচিব
ফোনঃ ৫৫১০০৫২৬
ইমেইলঃdsbudget1@gmail.com

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১। উপসচিব (প্রশাসন-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
২। প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (প্রতিবেদনটি এ বিভাগের ওয়েবসাইটটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৪। যুগ্মসচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
বাজেট -১ শাখা

## পরিদর্শন প্রতিবেদন

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বাজেট অধিশাখার স্মারক নং ৫৯.০০.০০০০.১৪৫.০২০.১১৭.২০২২.২৩১ তারিখ: ৩১/০৩/২০২২ খ্রি: এর নির্দেশনার আলোকে "নূর মজিদ আয়ুর্বেদিক কলেজ" এর সরকারি সহায়তার আবেদনের বিষয়ে ১৫/১১/২০২২খ্রি: তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য নিম্নরূপ:

ক) **সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ঠিকানা:**

**স্থায়ী ঠিকানা:** নূর মজিদ আয়ুর্বেদিক কলেজ, ভাকরাল, টঙ্গী, গাজীপুর।

**বর্তমান ঠিকানা:** বাড়ি নং# ০৯, মেইন রোড, ব্লক-এফ, বনশ্রী, রামপুরা, ঢাকা-১২১৯

খ) **প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়নের চাহিদা:**

১। ছয়তলা বিশিষ্ট কলেজ ভবন নির্মাণ ৬,৩০,৯৬০৮৩.৩০/- টাকা।
২। আসবাবপত্র, ইলেক্ট্রোনিকস সামগ্রী, লিফট, লাইব্রেরী, ল্যাব উন্নয়ন ১,৪৭,৮৬০০০/- টাকা।

(সংযুক্তি-০১)

গ) **অবকাঠামোগত উন্নয়নের বিস্তারিত ব্যয় প্রাক্কলন/ বিভাজন:**

১। ছয়তলা বিশিষ্ট কলেজ ভবন নির্মাণ: ৬,৩০,৯৬০৮৩.৩০/-
২। আসবাবপত্র, ইলেক্ট্রোনিকস সামগ্রী, লিফট, লাইব্রেরী, ল্যাব উন্নয়ন ১,৪৭,৮৬০০০/- টাকা।
৩। ল্যাব ও মেডিকেল ইক্যুইপমেন্ট: ১৬,৩০,০০০/-
৪। ফার্নিচার ও ফিক্সার: ২৯,৯৬,০০০/-
৫। হারবেরিয়াম তৈরি : ৫০০,০০০/-
৬। ভেষজ বাগান তৈরি : ১০,০০,০০০/-
৭। ইলেক্ট্রিক ও ইলেক্ট্রোনিকস সামগ্রী ৫৬,৬০,০০০/-

(সংযুক্তি-০২)

ঘ) **প্রতিষ্ঠানটির মোট জমির পরিমান:** ২৮ শতাংশ (রাস্তা বাদে) (দলিলে ৩৩ শতাংশ)

(সংযুক্তি-০৩)

ঙ) **প্রস্তাবিত প্রকল্প:** প্রতিটি ফ্লোর ৫৬০০ বর্গফুট হিসাবে ৬ তলা ভবনে সর্বমোট৩৩৬০০ বর্গফুট এর মধ্যে প্রকল্পের শুধুমাত্র ৫৬০০ বর্গফুট এরিয়াতে ফাউন্ডেশন, গ্রেট বিম, মাটি ভরাট ও বাউন্ডারী কাজ সম্পন্ন

করা হয়েছে। অর্থ সংকটে প্রকল্পের কাজ বন্ধ রয়েছে। (সংযুক্তি-০৪)

**অস্থায়ী ক্যাম্পাস** : বাড়ী নং ০৯, মেইন রোড, ব্লক-এফ, বনশ্রী, রামপুরা, ঢাকা। বর্তমানে প্রায় ৭০০০ বর্গফুট এরিয়ায় ২টি ফ্লোরে কলেজের অস্থায়ী ক্যাম্পাস ভাড়ায় পরিচালিত হয়।

চ) **ছাত্র-ছাত্রী সংখ্যা:**

২০২১-২০২২ শিক্ষাবর্ষ মোতাবেক ১ম বর্ষে **৭৩** জন, ২য় বর্ষে **৬০** জন, ৩য় বর্ষে **৬৫** জন, ৪র্থ বর্ষে **৪২** জন এবং ইন্টার্নীতে **৩০** জন, সর্বমোট = ২৭০জন শিক্ষার্থী রয়েছে।

(সংযুক্তি-০৫)

ছ) **শিক্ষকের সংখ্যা:**

প্রতিষ্ঠানটিতে অধ্যক্ষসহ মোট ২০ জন শিক্ষক রয়েছেন। (সংযুক্তি-০৬)

জ) **প্রতিষ্ঠাকাল:**

নূর মজিদ আয়ুর্বেদিক কলেজ ও হাসপাতাল ১৯৮০ সালে প্রতিষ্ঠিত হয়। (সংযুক্তি-০৭)

ঝ) **প্রতিষ্ঠানের অনুমোদন ও নবায়নকাল:**

প্রতিষ্ঠানটির অনুমোদন রয়েছে এবং ২০২১-২০২২ শিক্ষাবর্ষের জন্য অধিভুক্তি নবায়নে ৩০/০৯/২০২১ তারিখে ফি জমা প্রদান করা হয়েছে যার পে-অর্ডার নম্বর ০৪২৯২২১ মর্মে দেখা যায়

(সংযুক্তি-৮)

ঞ) **অধ্যক্ষর নাম, মোবাইল নং ও ই-মেইল:**

নামঃ ডাঃ মুহাম্মদ মামুন মিয়া

মোবাইল নং : ০১৭১৫৬৯৯৯০৬

ই-মেইল : dr.mamunbums@gmail.com

ট) **যে বিষয়ে পাঠদান হয়:**

০৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারি।

ঠ) **কোর্স সংক্রান্ত তথ্যাবলি (বিস্তারিত):**

**১ম বর্ষ**- সাধারণ বিজ্ঞান, আয়ুর্বেদিক ইতিহাস, অষ্টাংগ সংগ্রহ, দ্রব্যগুন বিজ্ঞান ।

**২য় বর্ষ**- শারীর রচনা বিজ্ঞান, শারীর ক্রিয়া বিজ্ঞান, রোগ বিজ্ঞান, দ্রব্যগুন বিজ্ঞান রসশাস্ত্র ও ভৈষজ্য কল্পনা।

**৩য় বর্ষ**- বিকৃতি বিজ্ঞান, স্বাস্থ্য বিজ্ঞান ও সামাজিক চিকিৎসা, প্রসুতিতন্ত্র ও কৌমারভৃত্যতন্ত্র, চরক সংহিতা (পূর্বার্ধ), রসায়ন ও বাজিকরণতন্ত্র, ব্যবহার বিজ্ঞান ও অগদতন্ত্র।

৪র্থ বর্ষ- শৈল্যবিদ্যা, কায় চিকিৎসা, স্ত্রীরোগ বিজ্ঞান, রোগ নির্ণয় পদ্ধতি, চরক সংহিতা (উত্তরার্ধ), শালাক্যতন্ত্র। (সংযুক্তি-০৯)

ড) **বিগত ৬ বছরের কলেজের বার্ষিক কোয়ালিফাইং পরীক্ষার ফলাফল :** (সংযুক্তি-১০)

ঢ) **প্রতিষ্ঠানটির বিভিন্ন কক্ষের চিত্রঃ** (সংযুক্তি-১১)

ণ) **মতামতঃ**

পরিদর্শনকালে অধ্যক্ষ, ছাত্র-ছাত্রী, শিক্ষক কর্মচারী ও প্রকল্পের ইঞ্জিনিয়ার উপস্থিত ছিলেন। নিরিবিলি পরিবেশে অস্থায়ী ক্যাম্পাসটি অবস্থিত। লেখাপড়ার পরিবেশ অত্যন্ত ভাল। কলেজটি ১৯৮০ সালে প্রতিষ্ঠিত হয়। ছাত্রসংখ্যা ও বার্ষিক ফলাফলে এটি বাংলাদেশের সেরা প্রতিষ্ঠান। চলতি বছর দেশের সর্বোচ্চ ২১৬ জন শিক্ষার্থী বার্ষিক কোয়ালিফাইং পরীক্ষায় অংশ গ্রহণ করেছে। ২০১৯ সালে প্রতিষ্ঠানটির উন্নয়ন যে পরিমাণ অর্থ সরকারী অনুদানের জন্য আবেদন করা হয়েছিল বর্তমান প্রেক্ষাপট বিবেচনা করে প্রকল্পের সফল বাস্তবায়নে সরকারী অনুদানের পরিমাণ বৃদ্ধির জন্য অনুরোধসহ অধ্যক্ষ ও ইঞ্জিনিয়ার আবেদন করেন (সংযুক্তি-১২)। কলেজ ভবন, ল্যাবরেটরি, পাঠাগার, ভেষজ উদ্ভিদের বাগান উন্নয়নে প্রতিষ্ঠানটির চাহিদা মোতাবেক আর্থিক সহায়তা প্রদান করা হলে এটি আয়ুর্বেদিক স্বাস্থ্য শিক্ষা ও স্বাস্থ্য সেবায় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানে পরিনত হবে মর্মে প্রতীয়মান হয়েছে।

০৫.১২.২০২২
(তানজিনা ইসলাম)
যুগ্মসচিব (বাজেট-১)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ